তাগিদ পত্র-১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-২ শাখা
www.shed.gov.bd

৩৭.০০.০০০০.০৩১.০৪.০০১.২০২০-৪৬

তারিখ: ০৩ ফাল্গুন ১৪২৬ / ১৬ ফেব্রুয়ারী ২০২০

বিষয় বাংলাদেশ স্কাউটস আইন-২০২০ প্রণয়ন বিষয়ে মতামত প্রসংগে।

সূত্র: বাংলাদেশ স্কাউটস এর পত্র নং বা: স্কা: (বিধি): ৪১৫২ তারিখ: ১৮/০৭/২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্ব-স্ব মন্ত্রণালয়ের আওতাধীন ব্রিটিশ ও পাকিস্তান আমলে ইংরেজী ভাষায় প্রণীত আইনসমূহ প্রয়োজনীয় পরিবর্তন ও সংশোধনক্রমে বাংলা ভাষায় প্রণয়নের জন্য মন্ত্রীসভা বৈঠকের সিদ্ধান্ত রয়েছে।মন্ত্রীসভা বৈঠকের উক্ত সিদ্ধান্তের আলোকে "The Bangladesh Scouts Order 1972পি.ও.১১১/১৯৭২ এবং The Bangladesh Boy Scouts Samity (Amendment) Ordinance 1978)" সংশোধন ও পরিমার্জনক্রমে বাংলা ভাষায় প্রনয়ণের জন্য বাংলাদেশ স্কাউটস আইন-২০২০ এর উপর তাঁর মন্ত্রণালয়/সংস্থার মতামত প্রয়োজন।

২। এমতাবস্থায়, বাংলাদেশ স্কাউটস আইন-২০২০ এ খসড়ার উপর সুচিন্তিত মতামত আগামী ০৯/০২/২০২০ তারিখের মধ্যে হার্ড কপি ও সফট কপি প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছিল। কিন্তু অদ্যাবধি মতামত পাওয়া যায়নি। জরুরী ভিত্তিতে আগামী ২৫/০২/২০২০ তারিখে মধ্যে পুনরায় মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংলগ্নী : বর্ণনামতে।

16/02/2020

(মো: সেলিম শিকদার)
সহকারি সচিব (আইন-২)
ই-মেইল -salimsikder20@yahoo.com
দূরালাপনী:- ৯৫৬৩৫১৬

বিতরণ (জেষ্ঠতারক্রমানুসারে নয়):

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, স্থানীয় সরকারি বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। সচিব, স্বাস্থ্য ও শিক্ষা বিভাগ, স্বাস্থ্য মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সচিব, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
১৩। সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। সচিব, পরিবেশ ও জলবায়ু মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অপর পৃষ্ঠা দ্র:

১৮। সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯। সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০। সচিব, মৎস ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২। সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩। সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, আগারগাঁও, ঢাকা।
২৪। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৫। সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৬। সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, গণভবন, ঢাকা।
২৭। সচিব, রেলপথ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৮। সচিব, বিদ্যুৎ ও জ্বালানী খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৯। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩০। সচিব, সংস্কৃতিক বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩১। সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শেরেবাংলানগর, ঢাকা।
৩২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩৩। মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইজ),পলাশী-নীলক্ষেত, ঢাকা।
৩৪। মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) ধানমন্ডি, ঢাকা।
৩৫। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, মতিঝিল, ঢাকা।
৩৬-৪৫। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডসমূহ- ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/কুমিল্লা/যশোর/বরিশাল/সিলেট/ময়মনসিংহ।
৪৬। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
(পত্র ও সংযুক্তসহ ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :</u>

১। মাননীয় শিক্ষামন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (নিরীক্ষা ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা

# বাংলাদেশ স্কাউটস ২০১৯

## (২০১৯ সনের ..........নং আইন)

যেহেতু স্কাউটিং হইতেছে জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে শিশু-কিশোর ও যুব বয়সিদের জন্য প্রচলিত একটি অনন্য শিক্ষামূলক আন্দোলন এবং স্কাউটসদের চাহিদার প্রতি লক্ষ্য রাখিয়া সুনির্দিষ্ট পরিকল্পনা, কর্মসূচি অনুযায়ী নিয়মিত স্কাউটিং পদ্ধতিতে যথাযথ ও পরিকল্পিত-পরিশীলিত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে ব্যক্তি জীবনে প্রয়োগ করিয়া স্কাউটসদের শারীরিক, মানসিক, আধ্যাত্মিক, নৈতিক, বুদ্ধিভিত্তিক ও সামাজিক গুণাবলির বিকাশ ঘটাইয়া দায়িত্বশীল, সুশৃঙ্খল, আত্ম-নির্ভরশীল, দেশপ্রেমিক, সুনাগরিক হিসাবে গড়িয়া তোলা আবশ্যক ;

এবং যেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক জারিকৃত পি.ও. ১১১/১৯৭২ বলে সৃষ্ট বাংলাদেশ স্কাউটস একটি সম্পূর্ণ স্বেচ্ছাসেবী, শিক্ষামূলক, অরাজনৈতিক শিশু-কিশোর যুব আন্দোলন যাহা বিশ্ব স্কাউট সংস্থার স্বীকৃতিপ্রাপ্ত জাতীয় স্কাউট সংগঠন এবং স্বাধীনতা-উত্তর এই সংগঠন নির্ধারিত বিধি-উপবিধি দ্বারা পরিচালিত হইয়া আসিতেছে;

এবং যেহেতু জাতীয় স্কাউট সংগঠনকে অধিকতর শক্তিশালী এবং স্কাউটিং সংশ্লিষ্ট বিষয়াদি সম্পর্কে যুগোপযোগী বিধান প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেইহেতু এতদ্বারা নিম্নরূপ আইন প্রণয়ন করা হইল :

## প্রথম অধ্যায়

## প্রারম্ভিক

সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ

১। (১) এই আইন 'বাংলাদেশ স্কাউট আইন, ২০১৯' নামে অভিহিত হইবে ;

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে ; এবং

(৩) ইহার অন্যত্র ভিন্নরূপ কিছু নির্ধারিত না হইয়া থাকিলে, ইহা সমগ্র বাংলাদেশের স্কাউটিং কার্যক্রমের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

সংজ্ঞার্থ

২। বিষয় অথবা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই আইনে-

(ক) 'এক্তিয়ার' অর্থ সমগ্র বাংলাদেশের স্কাউটিং কার্যক্রম এই আইনে এক্তিয়ারভুক্ত এবং বাংলাদেশের সকল স্কাউট, স্কাউটার এই প্রতিষ্ঠানের অন্তর্ভুক্ত হইবে এবং বাংলাদেশ স্কাউটস-এর অনুমোদন ব্যতীত স্কাউট শব্দ ব্যবহার করিয়া কোনো পৃথক সংগঠন অথবা কার্যক্রম করিতে পারিবে না;

(খ) 'কাব স্কাউট' অর্থ যে সকল বালক/বালিকার বয়স ছয় বৎসরের অধিক, কিন্তু এগারো বৎসরের অল্প এইরূপ স্কাউট;

(গ) 'গার্ল-ইন-স্কাউটিং' অর্থ সকল গার্ল কাব স্কাউট, গার্ল স্কাউট ও গার্ল রোভার স্কাউটকে বুঝাইবে।

(ঘ) 'জাতীয় কাউন্সিল' অর্থ এই আইনের ধারা ১১-এ উল্লিখিত বাংলাদেশ স্কাউটস-এর সর্বোচ্চ নীতি নির্ধারণী পরিষদকে বুঝাইবে;

(ঙ) 'জাতীয় নির্বাহী কমিটি' অর্থ বাংলাদেশ স্কাউটস- এর জাতীয় কাউন্সিলের পক্ষে প্রশাসনিক বিষয়ে সর্বোচ্চ নির্বাহী পরিষদকে বুঝাইবে;

(চ) 'নির্বাহী পদ' অর্থ জাতীয়, অঞ্চল, জেলা, উপজেলা অথবা থানা পর্যায়ে সনদ দ্বারা নিয়োগপ্রাপ্ত, নির্বাচনের মাধ্যমে দায়িত্বপ্রাপ্ত, পদাধিকারবলে ক্ষমতাপ্রাপ্ত বা জাতীয় সদর দফতর কর্তৃক সার্বক্ষণিকভাবে নিয়োগপ্রাপ্ত স্ব স্ব ক্ষেত্রে বাংলাদেশ স্কাউটস এর কর্মকর্তাকে বুঝাইবে এবং

(ছ) 'নির্বাহী পরিচালক' অর্থ এই আইনের অধীন উক্ত পদে নিযুক্ত কোনো ব্যক্তি;

(জ) 'প্রতিষ্ঠান' অর্থ 'বাংলাদেশ স্কাউটস'-কে বুঝাইবে এবং ইহার সদর দফতর ঢাকায় অবস্থিত হইবে এবং তাহা 'জাতীয় সদর দফতর' নামে পরিচিত হইবে;

(ঝ) 'বিধি' অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি ও 'প্রবিধানমালা' অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধানমালা;

(ঞ) 'বিশেষ চাহিদাসম্পন্ন স্কাউট' অর্থ শারীরিক বা বুদ্ধি প্রতিবন্ধী স্কাউট যাহাদের বয়স সকল ক্ষেত্রে শিথিলযোগ্য;

(ঢ) 'মটো' অর্থ 'সেবার জন্য সদা প্রস্তুত থাকতে যথাসাধ্য চেষ্টা করা'-যাহা বয়স বিচারে কাব স্কাউট, স্কাউট ও রোভার স্কাউটদের জন্য নিম্নরূপে বিভক্ত থাকিবে, যথা:

১। রোভার স্কাউট : সেবা

২। স্কাউট : সদা প্রস্তুত,

৩। কাব স্কাউট : যথাসাধ্য চেষ্টা করা।

(ণ) 'রোভার স্কাউট' অর্থ যে সকল তরুণ/তরুণী কলেজ অথবা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন করেন অথবা যাহাদের বয়স সতেরো অথবা তাহার চাইতে অধিক, কিন্তু পঁচিশ বৎসরের অল্প, তবে রেলওয়ে, নৌ, বিমান ও অনুরূপ প্রতিষ্ঠানে চাকরিজীবীদের জন্য বয়স ত্রিশ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য;

(ত) 'স্কাউট' অর্থ যে সব কিশোর/কিশোরী এগারো বৎসর অথবা তাহার চাইতে অধিক বয়স, কিন্তু সতেরো বৎসরের নিম্নে এইরূপ স্কাউট;

**বাংলাদেশ স্কাউটস-এর আদর্শ**

৩। (ক) বাংলাদেশ স্কাউটস সরকার অথবা কোনো সংস্থা, গোষ্ঠী ও ব্যক্তির নিয়ন্ত্রণমুক্ত, নিরপেক্ষ, স্বেচ্ছাধর্মী একটি প্রতিষ্ঠান;

(খ) স্কাউট আন্দোলনের বিশ্ব সংস্থার (ওয়ার্ল্ড অর্গানাইজেশন অব দি স্কাউট মুভমেন্ট) সদস্য হিসাবে বাংলাদেশের স্কাউটিং বিশ্ব স্কাউটিংয়ের নীতি, আদর্শ ও স্বীকৃত পদ্ধতিতে পরিচালিত হইবে;

(গ) এই প্রতিষ্ঠানের নীতি, ট্রেনিং ও প্রোগ্রাম অসাম্প্রদায়িক, শ্রেণি বৈষম্যহীন ও উদার ধর্মীয় চেতনার উপর গুরুত্ব প্রদান করিবে;

(ঘ) বাংলাদেশ স্কাউটস এর সদস্যগণ স্কাউট পোশাক পরিধান করিয়া কোনো রাজনৈতিক সভা-সমিতি অথবা রাজনৈতিক উদ্দেশ্য সাধনে নিয়োজিত কোনো কার্যক্রমে অংশগ্রহণ করিতে পারিবে না; এবং

(ঙ) বাংলাদেশ স্কাউটস-এর সদস্যগণ কোনো রাজনৈতিক, সাম্প্রদায়িক, সরকারি, বেসরকারী মতবিরোধে কোনো পক্ষ সমর্থন করিবে না।

**বাংলাদেশ স্কাউটস-এর লক্ষ্য**

৪। (ক) স্কাউটিং পদ্ধতি ও স্কাউট আন্দোলনের বিশ্বসংস্থার (ওয়ার্ল্ড অর্গানাইজেশন অব দি স্কাউট মুভমেন্ট) অনুসৃত নিয়মে প্রশিক্ষণ প্রদান করিয়া শিশু-কিশোর/কিশোরী ও যুবক/যুবতীদের বিশ্বাসী, সৎ, চরিত্রবান, আত্মনির্ভরশীল ও আদর্শ নাগরিক হিসাবে গড়িয়া তোলা;

(খ) দেশের অভ্যন্তরে বাংলাদেশ স্কাউটস এর সমভাবাপন্ন অরাজনৈতিক, বেসামরিক ও অসাম্প্রদায়িক যুব প্রতিষ্ঠান, বিশেষত গার্ল গাইডস এসোসিয়েশনের সহিত বন্ধুত্বমূলক, পারস্পরিক সহযোগিতা ও পরিপূরক সম্পর্ক বজায় রাখা; এবং

(গ) বহির্বিশ্বে স্কাউট আন্দোলনের বিশ্বসংস্থা (ওয়ার্ল্ড অর্গানাইজেশন অব দি স্কাউট মুভমেন্ট) এশিয়া প্রশান্ত-মহাসাগরীয় স্কাউট অঞ্চল ও বিভিন্ন জাতীয় স্কাউট সংস্থার সহিত

মতামত, স্কাউট, স্কাউটার ও ট্রেনার বিনিময় করিয়া আন্তর্জাতিক সহযোগিতা ও সৌহার্দ্য বৃদ্ধির প্রয়াসী হওয়া।

বাংলাদেশ স্কাউটসের প্রতিজ্ঞা, আইন ও পদ্ধতি ইত্যাদি

৫। স্কাউট আন্দোলনের বিশ্বসংস্থার সহিত সামঞ্জস্য রাখিয়া বাংলাদেশ স্কাউটসের শাখা ভিত্তিক প্রতিজ্ঞা, আইন ও পদ্ধতি থাকিবে যাহা এই আইনের অধীনে প্রণীত বিধিতে উল্লিখিত থাকিবে।

## দ্বিতীয় অধ্যায়

### সদস্যপদ, তহবিল/অর্থ সংস্থান, আর্থিক পদ্ধতি

বাংলাদেশ স্কাউটস এর সদস্যপদ

৬। (১) বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে যে-কোনো ধর্মবিশ্বাসী বাংলাদেশি নাগরিক বাংলাদেশ স্কাউটস এর সদস্যপদ অর্জন করিতে পারিবেন এবং ক্ষেত্রবিশেষে বাংলাদেশকে স্বীকৃতি প্রদানকারী যে-কোনো রাষ্ট্রের নাগরিককে শর্তসাপেক্ষে স্থায়ী অথবা অস্থায়ী সদস্যপদ প্রদান করা যাইবে।

(২) বিধি দ্বারা নির্ধারিত কারণ ও পদ্ধতিতে বাংলাদেশ স্কাউটস-এর জাতীয় নির্বাহী কমিটি আঞ্চলিক, জেলা, উপজেলা সংগঠনের কোনো স্কাউট/স্কাউটার অথবা বয়স্ক নেতা/কর্মকর্তার সদস্যপদ বাতিল করিতে পারিবেন।

তহবিল গঠন পরিচালনা ও শৃঙ্খলা বিধান

৭। (১) এই আইনের বিধানাবলি সাপেক্ষে বাংলাদেশ স্কাউটস এর লক্ষ্য, উদ্দেশ্য বাস্তবায়ন এবং স্কাউট কর্মকাণ্ড সুষ্ঠু পরিচালনার জন্য নিম্নরূপ তহবিল সংস্থান করিতে পারিবে, যথা:-

(ক) সরকার কর্তৃক প্রদত্ত অনুদান;

(খ) সরকারের অনুমোদনক্রমে কোনো বিদেশি সরকার অথবা সংস্থা অথবা কোনো আন্তর্জাতিক সংস্থা কর্তৃক প্রদত্ত অনুদান;

(গ) কোনো স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনুদান;

(ঘ) কোনো ব্যক্তি অথবা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত অনুদান;

(ঙ) বিভিন্ন ইউনিট/গ্রুপ অথবা কাউন্সিল কর্তৃক জাতীয় সদর দফতরে প্রদত্ত যে-কোনো দান; এবং

(চ) অন্য কোনো উৎস হইতে প্রাপ্ত অর্থ।

(২) বাংলাদেশ স্কাউটস এর তহবিলে সংগৃহীত অর্থ তপসিলি ব্যাংকের মাধ্যমে অথবা বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে জমা দেওয়া যাইবে;

(৩) বাংলাদেশ স্কাউটস জাতীয় কাউন্সিলের অনুমোদনক্রমে, তহবিল পরিচালনার জন্য কোষাধ্যক্ষের নেতৃত্বে একটি তহবিল কমিটি নিয়োগ করিতে পারিবে এবং তহবিল কমিটির দায়দায়িত্ব ও কর্মপদ্ধতি জাতীয় নির্বাহী কমিটি কর্তৃক নির্ধারিত হইবে;

(৪) বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ও খাতে তহবিল সংগ্রহ, রক্ষণ ও ইহার অর্থ ব্যয় করা যাইবে; এবং

(৫) স্বচ্ছতা ও শৃঙ্খলা নিশ্চিত করার জন্য ইউনিট, গ্রুপ, উপজেলা/থানা স্কাউটস, জেলা স্কাউটস ও আঞ্চলিক স্কাউটসসহ সংগঠনের সকল পর্যায়ের বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে

অর্থ সংগ্রহ, আর্থিক বিষয়াদি পরিচালনা করিবে।

**হিসাবরক্ষণ ও নিরীক্ষা**

৮। (১) জাতীয় স্কাউট সদর দফতর, অঞ্চল, জেলা, উপজেলা/থানা ও ইউনিট যথাযথভাবে তহবিলের হিসাবরক্ষণ করিবে এবং হিসাবের বার্ষিক বিবরণী প্রস্তুত করিবে; এবং

(২) বাংলাদেশ স্কাউটস এর সম্পদ ও দায় ইহার পূর্ণাঙ্গ বিবরণ এবং পূর্ববর্তী বৎসরের আয়-ব্যয়ের নিরীক্ষিত হিসাব জাতীয় সদর দফতরের বার্ষিক প্রতিবেদনে প্রকাশ করা হইবে।

(৩) এতদভিন্ন জাতীয় স্কাউট সদর দফতর, অঞ্চল, জেলা, উপজেলা স্কাউটসের আয় ব্যয় অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি কর্তৃক নিরীক্ষা করা হইবে।

**সম্পদ ও দায়সংক্রান্ত বিধান**

৯। (১) বাংলাদেশ স্কাউটস স্বীয় নামে ক্রয়, দান, লিজ গ্রহণ অথবা অন্য যে-কোনো আইনানুগ পদ্ধতিতে স্থাবর ও অস্থাবর সম্পত্তির মালিকানা অর্জন ও হস্তান্তর করিতে পারিবে;

(২) বাংলাদেশ স্কাউটস অবলুপ্ত হলে এর সম্পত্তি ও দায় সরকারের উপর বর্তাবে

**প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ নিয়োগ**

১০ (১) বাংলাদেশ স্কাউটস এর কার্যক্রম পরিচালনায় সহায়তার জন্য জাতীয় সদর দফতর স্বীয় কার্যালয়সহ অঞ্চল, জেলা ও উপজেলা পর্যায়ে প্রফেশনাল স্কাউটস এক্সিকিউটিভ ও কর্মচারি নিয়োগ প্রদান করিবে;

(২) উপধারা (১)-এ উল্লিখিত কর্মকর্তা-কর্মচারীদের পদ সৃজন, নিয়োগ, পদোন্নতি, চাকরির শর্তাবলি, শৃঙ্খলা, অবসর, ইত্যাদি বিষয়াদি বাংলাদেশ স্কাউটস কর্তৃক জারিকৃত বিধিমালা দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

## তৃতীয় অধ্যায়

## জাতীয় কাউন্সিল, জাতীয় নির্বাহী কমিটি ইত্যাদি

**জাতীয় কাউন্সিল প্রতিষ্ঠা**

১১। (১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, বাংলাদেশ স্কাউটস-এর একটি জাতীয় কাউন্সিল থাকিবে যাহা সর্বোচ্চ নীতি নির্ধারণী পরিষদ হিসাবে অভিহিত হইবে।

(২) জাতীয় কাউন্সিল নিম্নরূপ সদস্য সমন্বয়ে গঠিত হবে, যথা:-

(ক) চিফ স্কাউট;

(খ) সভাপতি;

(গ) সহ-সভাপতিগণ;

(ঘ) প্রধান জাতীয় কমিশনার;

(ঙ) কোষাধ্যক্ষ;

(চ) জাতীয় কমিশনারগণ;

(ছ) প্রত্যেক জাতীয় কমিটির সভাপতি;

(জ) বাংলাদেশের সকল স্বায়ত্তশাসিত বিশ্ববিদ্যালয়ের মধ্য হইতে চলমান বৎসরে দেশের প্রশাসনিক বিভাগসমূহ হইতে পর্যায়ক্রমে একজন করিয়া উপাচার্য

জাতীয় কাউন্সিলের সদস্য হইবেন এবং বাংলাদেশ স্কাউটস-এর সভাপতি ও প্রধান জাতীয় কমিশনার কর্তৃক যৌথ সিদ্ধান্তক্রমে এই উপাচার্যগণ জাতীয় কাউন্সিলের সাধারণ সভায় অংশগ্রহণের জন্য মনোনীত হইবেন।

(ঝ) বিভাগীয় কমিশনার, ঢাকা;

(ঞ) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;

(ট) মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর;

(ঠ) মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর;

(ড) নির্বাহী পরিচালক, বাংলাদেশ স্কাউটস।

(ঢ) সকল আঞ্চলিক স্কাউটস-এর সভাপতি;

(ণ) চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড;

(ত) চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;

(থ) শিক্ষা মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার নিম্নে নহেন)

(দ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (উপসচিব পদ মর্যাদার নিম্নে নহেন)

(ধ) জাতীয় কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস এসোসিয়েশন;

(ন) আঞ্চলিক কমিশনার, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;

(প) জাতীয় নির্বাহী কমিটির সকল সদস্য;

(ফ) জাতীয় উপ-কমিশনারগণ;

(ব) মহাসচিব, বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি;

(ভ) আজীবন পৃষ্ঠপোষকদের মধ্য হইতে সভাপতি ও প্রধান জাতীয় কমিশনার কর্তৃক যৌথভাবে মনোনীত একজন আজীবন পৃষ্ঠপোষক সদস্য;

(ম) আজীবন সদস্যদের মধ্য হইতে সভাপতি কর্তৃক মনোনীত পর্যায়ক্রমে একজন সদস্য;

(য) সাধারণ সদস্যদের মধ্য হইতে সভাপতি কর্তৃক মনোনীত পর্যায়ক্রমে একজন সদস্য;

(র) প্রধান জাতীয় কমিশনার কর্তৃক মনোনীত প্রত্যেক অঞ্চল হইতেএকজন লিডার ট্রেনার;

(ল) এবং আঞ্চলিক নির্বাহী কমিটি কর্তৃক মনোনীত প্রতিনিধিগণ;

ব্যাখ্যা: প্রশাসনিক বিভাগ/মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডভিত্তিক অঞ্চলের ক্ষেত্রে প্রতি চারটি উপজেলা/থানা সংগঠনকে এবং অন্যান্য অঞ্চলের ক্ষেত্রে প্রতি চারটি জেলা সংগঠনকে একক ধরিয়া প্রতি একক অথবা তাহার ভগ্নাংশের জন্য একজন হিসাবে, প্রাপ্ত বার্ষিক পরিসংখ্যানের ভিত্তিতে আঞ্চলিক নির্বাহী কমিটি প্রতিনিধি নির্বাচন পূর্বক জাতীয় কাউন্সিলে প্রেরণ করিবেন; তবে একক সংখ্যা যাহাই হোক কোনো অঞ্চল থেকে দুইজনের অল্প অথবা বিশ জনের অধিক প্রতিনিধি জাতীয় কাউন্সিলের সদস্য হইবেন না;

(৩) জাতীয় কাউন্সিলের মেয়াদ নির্বাচনের তারিখ হইতে তিন বৎসর ;

(৪) অনিবার্য কারণবশত ইহার মেয়াদ ৬ (ছয়) মাস বৃদ্ধি করা যাইবে এবং উক্ত বর্ধিত সময়সীমার মধ্যে ত্রৈবার্ষিক কাউন্সিলের সাধারণ সভা অবশ্যই সম্পন্ন করিতে হইবে ;

(৫) উপধারা (৪) এ বর্ণিত সময়ের মধ্যে ত্রৈবার্ষিক কাউন্সিলের সাধারণ সভা অনুষ্ঠিত না

হইলে জাতীয় নির্বাহী কমিটি একটি অ্যাডহক কমিটি গঠন করিবে এবং উক্ত অ্যাডহক কমিটি তিন মাসের মধ্যে কাউন্সিলের ত্রৈবার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের ব্যবস্থাসহ সংশ্লিষ্ট পদে কর্মকর্তা নির্বাচন করিবে;

(৬) প্রতি তিন বৎসর অন্তর অনুষ্ঠেয় কাউন্সিলের বার্ষিক সাধারণ সভা ত্রৈবার্ষিক সাধারণ সভা নামে অভিহিত হইবে এবং উক্ত সাধারণ সভায় নিয়মিত কার্যাবলির সহিত নিম্নরূপ কার্যাদি সম্পন্ন হইবে; যথা:-

(ক) সভাপতি, সহ-সভাপতি, কোষাধ্যক্ষ এবং নির্বাহী কমিটিতে কাউন্সিলর প্রতিনিধি নির্বাচন;

(খ) প্রধান জাতীয় কমিশনার নিয়োগের সুপারিশ; এবং

(গ) অডিটর নিয়োগ।

(৭) বার্ষিক সভা ব্যতিরেকেও চিফ স্কাউট অথবা সভাপতির অনুমতিক্রমে বিশেষ প্রয়োজনে জাতীয় কাউন্সিলের বিশেষ সভা ডাকা যাইবে ; এবং

(৮) জাতীয় কাউন্সিল গঠন ও কাউন্সিলরদের দায়িত্ব কর্তব্য ও কার্যাবলি বিধি দ্বারা নির্ধারিত হইবে।

উপদেষ্টা পরিষদ ১২। (১) বাংলাদেশ স্কাউটস এর একটি উপদেষ্টা পরিষদ থাকিবে যাহা নিম্নরূপ সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা:-

(ক) বিগত সভাপতিবৃন্দ;

(খ) বিগত প্রধান জাতীয় কমিশনারবৃন্দ;

(গ) বর্তমান সভাপতি;

(ঘ) বর্তমান প্রধান জাতীয় কমিশনার;

(ঙ) বাংলাদেশ হইতে নির্বাচিত এশিয়া-প্যাসিফিক অঞ্চলের প্রাক্তন ও বর্তমান সদস্যবৃন্দ (যদি থাকেন); এবং

(চ) বাংলাদেশ হইতে নির্বাচিত/মনোনীত ওয়ার্ল্ড স্কাউট কমিটির প্রাক্তন ও বর্তমান সদস্যবৃন্দ (যদি থাকেন)।

(২) বাংলাদেশ স্কাউটস-এর বর্তমান সভাপতি এই পরিষদের সভাপতি হইবেন এবং বর্তমান প্রধান জাতীয় কমিশনার হইবেন সদস্য-সচিব।

জাতীয় নির্বাহী কমিটি ১৩। (১) বাংলাদেশ স্কাউটস-এর একটি জাতীয় নির্বাহী কমিটি থাকিবে যাহা নিম্নরূপ সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা:-

(ক) সভাপতি;

(খ) সহ-সভাপতিগণ;

(গ) প্রধান জাতীয় কমিশনার;

(ঘ) কোষাধ্যক্ষ;

(ঙ) জাতীয় কমিশনারগণ;

(চ) উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়;

(ছ) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;

(জ) মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর;

(ঝ) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর;

(ঞ) নির্বাহী পরিচালক, বাংলাদেশ স্কাউটস।

(ট) সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান;

(ঠ) চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;

(ড) শিক্ষা মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার নিম্নে নহেন);

(ঢ) জাতীয় নির্বাহী কমিটি কর্তৃক মনোনীত সহযোজিত সদস্য (৫ জন);

(ণ) মোট অঞ্চলের সংখ্যার অর্ধেক কাউন্সিলর প্রতিনিধি নির্বাচিত হইবেন এবং পরবর্তী মেয়াদে অবশিষ্ট অঞ্চলের কাউন্সিলর প্রতিনিধি নির্বাচিত হইবেন।

(ত) সকল আঞ্চলিক স্কাউটস হইতে দুইজন করিয়া সদস্য;

ব্যাখ্যা: আঞ্চলিক কাউন্সিল কর্তৃক মনোনীত একজন এবং অন্যজন আঞ্চলিক কমিশনার।

(২) জাতীয় নির্বাহী কমিটির দায়িত্ব ও কার্যাবলি বিধি দ্বারা নির্ধারিত হইবে ।

চিফ স্কাউট

১৪। (১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি পদাধিকারবলে বাংলাদেশ স্কাউটস এর চিফ স্কাউট হইবেন এবং তিনি বাংলাদেশের স্কাউট আন্দোলনের প্রেরণা ও উদ্দীপনার মূল উৎস হইবেন ;

(২) বাংলাদেশ স্কাউটস আইন, ২০১৯ এবং ইহার বিধিবিধান-অনুসারে স্কাউট সংগঠন সম্পর্কে তাঁহার সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে;

(৩) জাতীয় কাউন্সিলের সুপারিশক্রমে তিনি তাঁহার স্বাক্ষরিত সনদপত্র দ্বারা প্রধান জাতীয় কমিশনার নিয়োগ করিবেন;

(৪) প্রধান জাতীয় কমিশনারের সুপারিশক্রমে তিনি তাঁহার স্বাক্ষরিত সনদপত্র দ্বারা জাতীয় কমিশনার এবং আঞ্চলিক কমিশনার পদে নিয়োগ প্রদান করিবেন; এবং

(৫) তিনি প্রধান জাতীয় কমিশনারের সুপারিশক্রমে প্রেসিডেন্ট'স স্কাউট ও প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড প্রদান অনুমোদন করিবেন এবং তাহাতে স্বাক্ষর করিবেন।

সভাপতি ও সহ-সভাপতি

১৫। (১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, বাংলাদেশ স্কাউটস এর একজন সভাপতি থাকিবে যিনি জাতীয় কাউন্সিল কর্তৃক ত্রৈবার্ষিক সাধারণ সভায় নির্বাচিত হইবেন;

(২) বাংলাদেশ স্কাউটস-এর ৫ (পাঁচ) জন সহ-সভাপতি থাকিবেন এবং তন্মধ্যে (ক) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, (খ) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (গ) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় পদাধিকারবলে

সহ-সভাপতি থাকবেন এবং অপর ২ জন জাতীয় কাউন্সিল কর্তৃক নির্বাচিত হইবেন।

(৩) সভাপতি ও সহ-সভাপতির দায়িত্ব ও কর্তব্য বিধি দ্বারা নির্ধারিত হইবে।

প্রধান জাতীয় কমিশনার

১৬। (১) জাতীয় কাউন্সিলের সুপারিশক্রমে বাংলাদেশের চিফ স্কাউট স্বাক্ষরিত সনদ দ্বারা জাতীয় কমিশনার হিসাবে দক্ষতার সহিত দায়িত্ব পালন করিয়াছেন এইরূপ ব্যক্তিদের মধ্য হইতে একজন ৩ (তিন) বৎসরের জন্য প্রধান জাতীয় কমিশনার নিযুক্ত হইবেন;

(২) মেয়াদান্তে তিনি এই পদে পুনঃনিযুক্ত হইতে পারিবেন এবং কার্যকালের মেয়াদ শেষ হইবার পূর্বে প্রধান জাতীয় কমিশনারের পদ শূন্য হইলে জাতীয় কাউন্সিলের পরবর্তী বার্ষিক সাধারণ সভা পর্যন্ত জাতীয় নির্বাহী কমিটির সুপারিশক্রমে চিফ স্কাউট কর্তৃক একজন জাতীয় কমিশনার প্রধান জাতীয় কমিশনার পদে নিযুক্ত হইবেন;

(৩) প্রধান জাতীয় কমিশনারের দায়িত্ব ও কর্তব্য বিধি দ্বারা নির্ধারিত হইবে এবং এই আইনে ভিন্নরূপ কিছু না থাকিলে প্রধান জাতীয় কমিশনার বাংলাদেশে স্কাউট আন্দোলনের উন্নয়ন ও সম্প্রসারণ এবং বাংলাদেশ স্কাউটস আইন, ২০১৯ এর ধারা, উপধারা যথাযথ অনুসরণ বিষয়ে জাতীয় কাউন্সিল ও বাংলাদেশের চিফ স্কাউটের নিকট দায়বদ্ধ থাকিবেন।

কোষাধ্যক্ষ

১৭। (১) বাংলাদেশ স্কাউটস-এর একজন কোষাধ্যক্ষ থাকিবেন যিনি জাতীয় কাউন্সিলের ত্রৈবার্ষিক সাধারণ সভায় নির্বাচিত হইবেন ; এবং

(২) কোষাধ্যক্ষের দায়িত্ব ও কর্তব্য বিধি দ্বারা নির্ধারিত হইবে ।

জাতীয় কমিশনার

১৮। (১) প্রধান জাতীয় কমিশনারের কার্যাবলি পরিচালনায় সহায়তা প্রদান এবং বাংলাদেশে স্কাউটিং কার্যক্রম গতিশীল করিবার জন্য প্রধান জাতীয় কমিশনারের সুপারিশক্রমে বাংলাদেশের চিফ স্কাউট কর্তৃক প্রদত্ত সনদপত্রবলে বিধি দ্বারা নির্ধারিত প্রয়োজনীয় সংখ্যক জাতীয় কমিশনার নিয়োগ করা যাইবে।

জাতীয় উপ-কমিশনার নিয়োগ

১৯। (১) জাতীয় কমিশনারগণের কার্যে সহযোগিতা প্রদানের জন্য জাতীয় কমিশনারের সুপারিশক্রমে প্রধান জাতীয় কমিশনার বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে প্রয়োজনীয় সংখ্যক জাতীয় উপ-কমিশনার নিয়োগ প্রদান করিবেন।

নির্বাহী পরিচালক

২০। (১) এই আইনের আলোকে প্রণীত বাংলাদেশ স্কাউটস-এর চাকুরি প্রবিধানমালায় বর্ণিত বিধান অনুসারে একজন নির্বাহী পরিচালক নিয়োগপ্রাপ্ত হইবেন এবং বাংলাদেশ স্কাউটস কর্তৃক তাহার চাকরির শর্তাদি স্থিরীকৃত হইবে ; এবং

(২) নির্বাহী পরিচালক বাংলাদেশ স্কাউটস এর সার্বক্ষণিক নির্বাহী কর্মকর্তা হইবেন এবং তিনি বিধি দ্বারা নির্ধারিত দায়িত্ব ও কর্তব্য পালন করিবেন।

## চতুর্থ অধ্যায়

## বিবিধ

**ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ**

২১। (১) এই আইন কার্যকর হইবার পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিতে পারিবে; এবং বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

**বিধি প্রণয়নের ক্ষমতা**

২২। (১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, জাতীয় কাউন্সিলের বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সদস্যের দুই-তৃতীয়াংশের সম্মতিতে প্রয়োজনীয় বিধিমালা প্রণয়ন এবং প্রণীত বিধিমালার পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন অথবা সংশোধন করা যাইবে।

**প্রবিধান প্রণয়নের ক্ষমতা**

২৩। (১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, জাতীয় কাউন্সিলের বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সদস্যের দুই-তৃতীয়াংশের সম্মতিক্রমে এই আইন অথবা কোনো বিধির সহিত অসংগতিপূর্ণ না হইয়া থাকে এইরূপ প্রয়োজনীয় প্রবিধিমালা প্রণয়ন এবং প্রণীত প্রবিধানমালার পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন অথবা সংশোধন করা যাইবে।

**রহিতকরণ ও হেফাজত**

২৪। (১) The Bangladesh Scouts Order 1972 পি.ও. ১১১/১৯৭২ (১৯৭২ খ্রিস্টাব্দের ৯ সেপ্টেম্বর তারিখ জারিকৃত) এবং The Bangladesh Boy Scouts Samity (Amendment) Ordinance, 1978 এতদ্বারা রহিত করা হইলো;

(২) অনুরূপ রহিতকরণের অব্যবহিত পূর্বে গৃহীত কার্যক্রম এবং এই আইন বলবৎ হইবার পূর্বে আরম্ভ হওয়া কার্যধারা অথবা নির্দেশনা এইরূপে প্রযোজ্য হইবে, যেন এই আইন প্রণীত হয় নাই।

[illegible]

(আরশাদুল মুকাদ্দিস)
নির্বাহী পরিচালক
বাংলাদেশ স্কাউটস

জাতীয় কমিশনার (বিধি)
বাংলাদেশ স্কাউটস

৯. ৬. ১৯
ড. মোঃ মোজাম্মেল হক খান
জাতীয় কমিশনার